বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন
২৩-২৪, কাওরান বাজার
তেজগাঁও, ঢাকা-১২১৫
www.bfdc.gov.bd

# বিএফডিসি'র সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটির ২২ এপ্রিল ২০২৪ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ফখরুল ইসলাম<br>উপপরিচালক |
| সভার তারিখ ও সময় | : | ২২ এপ্রিল ২০২৪; সকাল ১১:৩০ ঘটিকা |
| সভার স্থান | : | কর্পোরেশনের সভাকক্ষ |
| উপস্থিত কর্মকর্তাদের তালিকা | : | পরিশিষ্ট 'ক' |

সভাপতি ভার্চুয়ালি সংযুক্ত দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংশ্লিষ্ট কর্মকর্তাদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি বলেন দুইটি কেন্দ্রের সেবা প্রদান প্রতিশ্রুতি রয়েছে। সেবা প্রদান প্রতিশ্রুতি যথাযথভাবে প্রণয়ন, প্রদর্শন, নিয়মিতভাবে হালনাগাদ করার বিষয়টি নিশ্চিত করার জন্য মন্ত্রিপরিষদ বিভাগ সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনায় [২.২] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজনের কার্যক্রমটি অন্তর্ভুক্ত আছে। সভাপতি বিএফডিসি'র অধীন দপ্তর সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে উপস্থাপনের জন্য সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সদস্য কে অনুরোধ করেন। তিনি দপ্তরের স্ব স্ব ওয়েবসাইটে আপলোডকৃত সেবা প্রদান প্রতিশ্রুতির যাচাইকৃত তথ্যাদি সভায় উপস্থাপন করেন। মন্ত্রিপরিষদ কর্তৃক নির্ধারিত ছকে বহিস্থ কেন্দ্রের সেবা প্রদান প্রতিশ্রুতি প্রণয়ন ও আপলোড করেছে। তবে আপলোডকৃত সেবা প্রদান প্রতিশ্রুতিসমূহে কোন কোন দপ্তর/সংস্থা 'প্রদত্ত সেবার নাম কলামে রুটিন কাজকে সেখা হিসেবে অন্তর্ভুক্ত করা', 'সেবা প্রদান পদ্ধতি" কলামে পদ্ধতি সঠিকভাবে লিপিবদ্ধ না করায় প্রয়োজনীয় কাগজপত্র ও প্রাপ্তিস্থান' কলামে প্রয়োজনীয় কাগজপত্রের উল্লেখ না করা বা বিস্তারিতভার লিপিবদ্ধ করা হয়নি। সেবা প্রদান প্রতিশ্রুতির প্রতিটি বিষয়ে বিস্তারিত আলোচনা হয় আলোচনাকে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

ক) সেবা প্রদান প্রতিশ্রুতিতে অন্তর্ভুক্ত রুটিন কাজসমূহ (কর্মকর্তা/কর্মচারি নিয়োগ, বিভিন্ন পরিকল্পনা প্রণয়নে মতামত, উন্নয় প্রকল্পের বিষয়ে মতামত, আসবাবপত্র সরবরাহ ও মেরামত, আইসিটি কারিগরী সহায়তা রক্ষণাবেক্ষণ, বিষয়ভিত্তিক প্রশিক্ষ আয়োজন, নার্সারি স্থাপন ও পোনা অবমুক্তি, কর্মকর্তা/কর্মচারিগণের জ্যেষ্ঠতা প্রদান ইত্যাদি) বাদ দিয়ে ত্রৈমাসিক ভিত্তিত প্রতিটি দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ, উর্দ্ধতন অফিসে প্রেরণ এবং স্ব স্ব ওয়েবসাইটের সেবা আপলোড করতে হবে:

(খ) 'প্রয়োজনীয় কাগজপত্র ও প্রাপ্তিস্থান' কলামে কাগজপত্রের তালিকা বিস্তারিতভাবে উল্লেখ করতে হবে এবং প্রয়োজন কাগজ/আবেদন ফরম এর লিংক দিতে হবে;

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২২/০৪/২৪
(ফখরুল ইসলাম)
উপপরিচালক
ও বিকল্প ফোকাল পয়েন্ট
সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক পরিবীক্ষণ কমিটি